

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৮

আগরতলা, ৩০ এপ্রিল, ২০১৮

ফেণী নদীর উপর নির্মায়মান সেতু পরিদর্শনে মুখ্যমন্ত্রী

আজ বিকেলে সার্বুমে ভারত-বাংলাদেশ সংযোগকারী ফেণী নদীর উপর নির্মায়মান সেতুর নির্মাণ কাজের অগ্রগতি ঘুরে দেখেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। সে সময় মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক, বিধায়ক শংকর রায়, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ। এছাড়া উপস্থিত ছিলেন মুখ্যসচিব সঞ্জীব রঞ্জন, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক, প্রধান সচিব এল কে গুপ্তা সহ পদস্থ আধিকারিকগণ। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী নির্মাণ সংস্থা এইচ আই ডি সি এল-এর জেনারেল ম্যানেজারকে আগামী ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে ব্রীজটি নির্মাণের কাজ শেষ করার নির্দেশ দেন। কারণ এটির নির্মাণ কাজ সম্পন্ন হলে দু'দেশের জন্য ভালো হবে। পাশাপাশি ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের জন্যও এর মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার সুযোগ বৃদ্ধি হবে। তাতে আর্থ-সামাজিক মানোন্নয়ন ঘটবে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন। মুখ্যমন্ত্রী বলেন, এই ব্রীজ নির্মাণের ফলে চট্টগ্রাম বন্দরের সাথে যোগাযোগের যে সুযোগ সৃষ্টি হবে তাতে জলপথে পণ্য সামগ্রী পরিবহনের সুবিধার ফলে পণ্য পরিবহন সংক্রান্ত ব্যয়ভার কমে যাবে।
